

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১১১/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ০৪ মার্চ, সোমবার ২০২৪, ২০ ফাল্গুন ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। মজুতদারদের বিরুদ্ধে ডিসিদের কঠোর হওয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর
- ০২। জেলা পর্যায়ে অবৈধ স্বাস্থ্যকেন্দ্র বন্ধে জেলা প্রশাসকদের সহায়তা চাইলেন স্বাস্থ্যমন্ত্রী
- ০৩। গ্রাহক পর্যায়ে কমবে জ্বালানি তেলের দাম
- ০৪। ১২ বছরে প্রাথমিকে ২ লাখ ৩৮ হাজার শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে

০১। মজুতদারদের বিরুদ্ধে ডিসিদের কঠোর হওয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর

আসন্ন রোজায় বাজার পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার পাশাপাশি মজুতদারি বন্ধে কঠোর ব্যবস্থা নিতে ডিসিদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পাশাপাশি নতুন সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন এবং বৈশ্বিক অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবিলায় দক্ষ ও স্মার্ট প্রশাসন গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন দিকনির্দেশনা দিয়েছেন তিনি। রবিবার (০৩ মার্চ) দুপুরে প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে ডিসি সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব নির্দেশনা দেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ, দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক সবুজ।

০২। জেলা পর্যায়ে অবৈধ স্বাস্থ্যকেন্দ্র বন্ধে জেলা প্রশাসকদের সহায়তা চাইলেন স্বাস্থ্যমন্ত্রী

জেলা পর্যায়ে অবৈধ হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারগুলো বন্ধ এবং বিভিন্ন ধরনের অনিয়ম রোধে স্বাস্থ্য মন্ত্রণালয়ের চলমান অভিযান পরিচালনায় জেলা প্রশাসকদের কাছ থেকে সর্বাঙ্গিক সহায়তা চেয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। রবিবার (০৩ মার্চ) বিকেলে রাজধানীর ওসমানী স্মৃতি অডিটোরিয়াম হলে চার দিনব্যাপী জেলা প্রশাসক সম্মেলনে তিনি এই আহ্বান জানান। তিনি বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের অনিয়মের ব্যাপারগুলো লক্ষ্য রাখতে হবে এবং প্রতিরোধে সর্বাঙ্গিক সহায়তা করতে হবে বলে উল্লেখ করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও আজকের বাংলাদেশ।

০৩। গ্রাহক পর্যায়ে কমবে জ্বালানি তেলের দাম

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ জানিয়েছেন, চলতি মাসে দেশে গ্রাহক পর্যায়ে জ্বালানি তেলের দাম কমবে। রবিবার (০৩ মার্চ) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি একথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, নতুন ফর্মুলায় শিগগিরই দেশে প্রথমবারের মতো জ্বালানি তেলের দাম ঘোষণা করা হবে। চলতি মাসে গ্রাহক পর্যায়ে দাম কমিয়ে প্রজ্ঞাপন জারি করা হবে। জ্বালানি তেলের নতুন দাম প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুমোদনের অপেক্ষায় রয়েছে বলেও এ সময় তিনি জানান। প্রধানমন্ত্রীর তরফ থেকে প্রস্তাবিত নতুন দামের অনুমোদন পাওয়ার পর এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হবে। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, আজকের বাংলাদেশ ও দৈনিক সবুজ।

০৪। ১২ বছরে প্রাথমিকে ২ লাখ ৩৮ হাজার শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে

গত ১২ বছরে প্রাথমিক বিদ্যালয়ে ২ লাখ ২৮ হাজার ৫৭৯ জন শিক্ষক-শিক্ষিকা নিয়োগ দেয়া হয়েছে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী রুমানা আলী। রবিবার (০৩ মার্চ) জাতীয় সংসদ অধিবেশনের প্রশ্ন-উত্তর পর্বে এম আবদুল লতিফের লিখিত প্রশ্নের উত্তরে তিনি এ কথা জানান। তিনি জানান, প্রাথমিক বিদ্যালয়ের জন্য প্রধান শিক্ষক ০৫ হাজার ২০৫ জন এবং সহকারি শিক্ষক ০২ লাখ ৩৩ হাজার ৩৭৪ জন নিয়োগ দেয়া হয়েছে। এই সময়ে বেসরকারি ও রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের ০১ লাখ ০৪ হাজার ৮৭৫ জন শিক্ষক-শিক্ষিকার চাকরি সরকারীকরণ করা হয়েছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** মহাসড়ক, ব্যবসা প্রতিষ্ঠান, বাড়ি নির্মাণ থেকে শুরু করে বিভিন্ন স্থানে ঘটছে চাঁদাবাজির মত ঘটনা। দেশে চাঁদাবাজি একটি ভয়ানক ব্যাধিতে পরিণত হয়েছে। চাঁদাবাজদের বিরুদ্ধে কঠোর হতে হবে, অবিলম্বে আইনের আওতায় নিয়ে আসতে হবে। এদের দৃষ্টান্তমূলক শাস্তি না দিলে পরিস্থিতি আরো ভয়াবহ রূপ নিবে।
- (খ) **দৈনিক স্বজন:** বিমা খাতের বাংলাদেশের ইতিহাস অর্ধশত বছরেরও বেশি। কিন্তু সেভাবে এগোয়নি বিমা খাত। এর মূল কারণ হলো বীমার মেয়াদ শেষ হওয়ার পরও টাকা ফেরত পাচ্ছে না গ্রাহকরা। তাই মানুষের মাঝে আস্থা ফেরাতে নিয়ন্ত্রণ সংস্থা ও কোম্পানিগুলোর প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।
- (গ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** রোজা এলেই নানা কারসাজিতে নিত্য পণ্যের মূল্য বৃদ্ধি এদেশে যেন ট্রেডিশন হয়ে দাঁড়িয়েছে। রোজায় দ্রব্যমূল্য সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে রাখার অভিপ্রায় নিত্যপণ্যের পর্যাপ্ত যোগানের কার্যক্রম গ্রহণ করছে সরকার।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। বননিধন ও মহামারির সম্পর্ক-নুসরাত জাহান পান্নি। সূত্র: দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ।
- ০২। ইভিএম মেশিনে ভোট দান দায়িত্বশীল নাগরিকের প্রমাণ-মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান। সূত্র: আজকের বাংলাদেশ।
- ০৩। মাঠ প্রশাসনে সুশাসন জবাবদিহিতা ও উন্নয়ন-মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান। সূত্র: দৈনিক সবুজ ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।
- ০৪। বন্যপ্রাণী প্রকৃতির বন্ধু-প্রকাশ ঘোষ বিধান। সূত্র: দৈনিক স্বজন।

#